# Letter&Alphabet,Word & Sentence

Youtube: English for Career

**August 28, 2021**

**Sohag's English private batch**
**Khulna , Bangladesh**

# Letter & Alphabet

## অক্ষর & বর্নমালা

Lesson টি শুরু করার আগে আমাদের মনে রাখতে হবে যে ইংরেজি একটি ভাষা। প্রত্যেক ভাষার যেমন নিজস্ব বর্নমালা থাকে বা নিজস্ব স্বরবর্ন/ব্যাঞ্জনবর্ন থাকে তেমনি ইংরেজি ভাষার ও আছে। যেমন আমাদের বাংলাতে ১১ টি স্বরবর্ন এবং ৩৯ টি ব্যাঞ্জনবর্ন আছে। সব মিলে ৫০ টি বর্নমালা। হিন্দিতে ৩৪ টি বর্ন, আরবিতে ২৮ টি বর্ন।

***In the same way, English এ ২৬ টি বর্নমালা আছে।**

এদের মধ্যে ৫ টি স্বরবর্ন যেটাকে English এ Vowel বলে ( A, E, I, O, U)
এবং ২১ টি ব্যাঞ্জনবর্ন যেটাকে English এ Consonant বলে (B,C,D,F,G,H,J,K,L, M,N,P,Q,R,S,T,V,W,X,,Y,Z)

**★এদের মধ্যে আবার ২ টি কে semi vowel বলে। (W,Y) এই দুইটি বর্ন মাঝে মাঝে consonant আবার মাঝেমধ্যে vowel এর কাজ করে থাকে।**

এই vowel and consonant এর সাথে একটা মজার বিষয় জড়িত আছে। **সেটা হচ্ছে Vowel ছাড়া English এর কোনো Word গঠিত হয়না।**

আমরা জানি যে কতোগুলো letter পাশাপাশি বসে যদি সুন্দর একটা অর্থ দেয় তাহলে সেটাকে word বলে। কিন্তু আমরা এই বিষয়টা জানিনা যে, যেকোনো word হতে হলে সেখানে কমপক্ষে অবশ্যই একটা vowel থাকবে। Vowel ছাড়া ইংরেজির কোনো শব্দ গঠিত হয় না।
For example:
**Apple, Bat, Cat, dog,frog, pen, table, man, country, Bangladesh, india, pakistan,**

আবার কিছু শব্দ আছে যেগুলো এই ৫ টি ছাড়া বাকি একটা semi vowel( Y) এর সাহাজ্যে হতে থাকে। এজন্য Y কে আবার Special vowel বলা হয়।

For example:--

**My,  cry, try, sky fry etc….**

**★ আমাদের টপিক্সের Headline হচ্ছে Letter and Alphabet.**

**এখন আমরা দেখবো Letter and Alphabet এর পার্থক্য কি?**

In standard English, the difference is basically that an alphabet is a collection of letters. A letter is a particular symbol used in writing, an alphabet is the set of letters.

**★Letter হলো  একটি symbol বা চিহ্ন যার একটি নিজস্ব উচ্চারন আছে আর Alphabet  হলো A set of letters ( A-Z) সবগুলো letter কে একসাথে Alphabet বলা হয়।**

**★★ এখন আমরা দেখবো ইংরেজির যে ২৬ টি letter আছে এদের সঠিক pronunciation কি হবে?**

A- এই

B- বী

C-সী

D- ডী

E- ঈ

F - এফ

G- জী

H- এইচ্

I- আই

J- জ্বেই

K- খেই

L- এল্

M- এম্

N- এন্

O- ওউ

P- ফী

Q- খীউ

R-আ:

S- এস্

T- ঠী

U- ইউ

V - ভী

W- ডাবলইউ

X - এক্স

Y- ওয়াই

Z - জেড/জি

★ **যে গুলো বেশি মনে রাখতে হবে:--**

**A-এই**

**J- জ্বেই**

**K- খেই**

**O- ওউ**

**P-ফী**

**Q- খীউ**

**R- আ:**

**T- ঠী**

**W- ডাবলইউ**

# Word-শব্দ

**The definition of a word is a letter or group of letters that has meaning when spoken or written.**

**word হচ্ছে এক বা তার অধিক letter যখন একত্রিত হয়ে সুন্দর একটি অর্থ দেয় তাকে word বলে ।**

**For example:- Dog, man, cat,beautiful , Rahim,Karim,He,She, Etc….**

**Note: আমাদের Always মনে রাখতে হবে যে word হতে হলে অবশ্যই অর্থটা সুন্দর এবং স্পষ্ট হতে হবে।**

★English এর সবচেয়ে ছোট word 'I'- আমি এবং 'A' - একটি

★ English এর সবচেয়ে বড় word 'pneumonultramicroscopicsilicovolcanoconiosis'

# Sentence - বাক্য

**★ A group of words which makes a complete sense is called sentence--**
**( wren Martin)**
*পরিপূর্ন অর্থ প্রকাশ করে এমন শব্দ সমষ্টিকে Sentence বা বাক্য বলে।

**★A word or a Group of words having a clear meaning in a given context is called a sentence**
***-(P.c Das)**
*যে শব্দ অথবা শব্দসমষ্টি কোনো একটি প্রসঙ্গে পরিষ্কার অর্থ প্রকাশ করে, তাকে sentence বা বাক্য বলে।

★★--

**অর্থাৎ, কতোগুলো শব্দ পশাপাশি বসে যখন মনের সুন্দর একটি ভাব প্রকাশ করে তাকে sentence বলে।**

**Note: আমাদের Always মনে রাখতে হবে যে শব্দগুলো পাশা পাশি বসলে ও একটি সুন্দর অর্থ দিতে হবে।**

## For example:-

I eat Rice.

আমি ভাত খাই।

He goes to School.

সে স্কুলে যায়।

They are playing football.

তারা ফুটবল খেলছে।

He bought a car.

সে একটা গাড়ি কিনেছিলো।

Please shut the door.

দয়া করে দরজাটি বন্ধ করো।

Does he like you?

সে কি তোমাকে পছন্দ করে?

What's your name?

তোমার নাম কি?

Wow! What a wonderful picture it is!

অসাধারন! কতো সুন্দর ছবি এটা।

তাহলে আমরা দেখতে পারছি যে প্রতিটা শব্দই পাশাপাশি বসে কতোগুলো নির্দিষ্ট structure এর ভিত্তিতে sentence হয়েছে এবং প্রতিটা sentence এর ই একটা করে সুন্দর অর্থ আছে।

**★★ Sentence মূলত দুই ভাবে গঠিত হয়ে থাকে।**

**১.অর্থ অনুসারে**

**২. গঠন অনুসারে**

**অর্থ অনুসারে আবার sentence পাঁচ প্রকার এবং গঠন অনুসারে sentence  তিন প্রকার।**

**প্রথমে আমরা অর্থ অনুসারে পাঁচ প্রকার sentence এর বিস্তারিত আলোচনা দেখবো--**

**1.Assertive Sentence**

**2. Interrogative Sentence**

**3. Imperative Sentence**

**4. Optative Sentence**

**5.Exclamatory Sentence**

**এবার আমরা দেখবো Assertive sentence এর গঠন ও বিস্তারিত ব্যবহার:--**

**Assertive Sentence গঠনে দুইটা structure ব্যবহৃত হয়।**

**Number -1 : Subject + verb + Extension(object/complement/adverbials)**

**Number -2 : It/There + verb + Subject + Extension**

মূলত এই ২ টি structure দিয়েই Assertive sentence তৈরি হয়ে থাকে।

**Note: আমাদের সারাদিনের কথা -বার্তার প্রায় ৬০-৭০% বাক্য Assertive sentence এর হয়ে থাকে বা আমরা ব্যবহার করে থাকি।**

★ **এখন আমরার Assertive sentence এর প্রথম Structure টি দিয়ে sentence তৈরি করা শিখবো।**

**First structure:- Subject + verb + Extension.**

Ruma likes to draw pictures.

রুমা ছবি আকতে পছন্দ করে।

He is going to the market.

সে বাজারে যাচ্ছে।

They are playing football.

তারা ফুটবল খেলছে।

I learn English

আমি ইংরেজি শিখি।

**আমরা দেখতে পারছি যে প্রতিটা sentence ই Assertive sentence এর 1st structure অনুযায়ী গঠিত হয়েছে। প্রথমে subject বসেছে তারপর verb তারপর object বা কর্ম বসেছে।**

Note:--

***এখন আমাদের লক্ষ্য রাখতে হবে যে বাংলার মতো ইংরেজি শব্দ সাজানো হয়না বা বাক্য গঠিত হয়না। উপরোক্ত প্রতিটা sentence এ English এ Subject এর পর verb বসেছে কিন্তু sentence গুলো যখন আমরা বাংলায় translation করছি তখন verb টা object এর পর চলে যাচ্ছে অর্থে sentence এ সবার শেষে verb বসছে।

**তো আমাদের মনে রাখতে হবে যে English এ…**

**Subject + verb + obj হয়ে থাকে কিন্তু Bengali তে Subject + obj + verb হয়ে থাকে।**

More Example: I have a pen

sub+verb+obj

আমার একটি কলম আছে

Sub+obj+verb

**★★ এবার আসবো আমরা Assertive sentence এর দ্বিতীয় structure**

**It/There + verb + subject + obj…**

**এই কাঠামোটি মূলত কোথাও কোনো স্থির ব্যক্তি বা বস্তুর অবস্থান বা অস্তিত্ব বর্ননা করার জন্য ব্যবহৃত হয়। মূলতে যে সকল bengali sentence এ subject খুজে পাওয়া যায়না সেই সকল জায়গা গুলোতে There/ It কে subject হিসাবে ব্যবহার করা হয়।**

For example:-

আমাদের গ্রামে একটি নদী আছে।

There is a river in our village.

মাঠে তিনজন লোক আছে।

There are three men in the field.

আকাশে অনেক তারা আছে।

There are many stars in the sky.

এখন ১০ টা বাজে।

It's 10 o'clock.

এখন ঐশির নামাজ পড়ার সময়।

It's time for Oishee's prayer.

## Interrogative Sentence -প্রশ্নবোধক বাক্য

A**n interrogative sentence is a sentence which asks a question.**

**যে sentence দ্বারা প্রশ্ন করা বোঝায় তাকে interrogative Sentence বলে।**

**For example:**

Do you learn English?

তুমি কি ইংরেজি শেখো?

Did he go to school?

সে কি স্কুলে গিয়েছিলো?

Has he finished his work?

সে কি তার কাজ শেষ করেছে?

Where do you live?

তুমি কোথায় থাকো?

When will you play football?

তুমি কখন ফুটবল খেলবে?

**Interrogative sentence গঠনের ক্ষেত্রে ও ২ টা structure ব্যবহৃত হয়।**

**Number - 1: Auxiliary verb+Subject+main verb + obj.**

**Number -2 : Wh word + Auxiliary verb +subject +main verb + obj.**

**প্রশ্নবোধক বাক্য সাধারনত ৪ ধরনের হয়ে থাকে।**

1. **Yes/ No Question**
2. **Wh Question**
3. **Embedded Question**
4. **Tag Question**

**★★ এই chapter এ আমরা প্রধান দুইটি Yes/no & Wh question নিয়ে আলোচনা করবো। বাকি দুইটি আমরা আলাদা chapter এ দেখবো।**

**★★★ Yes/No Question হচ্ছে এমন ধরনের কোনো প্রশ্ন যার উত্তর শুধুমাত্র Yes এবং No বলেই complete করা যায়। উপরের Number -1 structure টি হচ্ছে Yes/No Question গঠনের formation.**

*** **সাধারনত শুধুমাত্র Auxiliary verb দিয়ে যে প্রশ্নববোধক বাক্য গুলো তৈরি করা হয় তাকেই Yes/ No Question বলে।**

আমরা এর আগে দেখেছি কিভাবে Assertive sentence তৈরি করতে হয়।

**যে কোনো Assertive sentence থেকে Auxiliary verb বের করে সেটি যদি subject এর আগে অর্থাৎ sentence এর শুরুতে বসানো হয় তাহলে সেটি Interrogative sentence হয়ে যায়।**

যেমন :-

They are playing football.
Are they playing football?

He is eating Rice.
Is he eating Rice.

You were drawing a picture.
Were you drawing a picture?

He will go to School.
Will he go to School.

তাহলে আমরা দেখলাম যে,,,,,,, Assertive sentence থেকে Auxiliary verb গুলো সবার আগে নিয়ে sentence গুলো interrogarive হলো।

**★ কিন্তু অনেক Assertive sentence এ কোনো Auxiliary verb থাকে না। শুধুমাত্র main verb থাকে। সে গুলোকে আমরা কিভাবে interrogative করবো?**

**★★ যে সকল sentence এ Auxiliary verb থাকে না সেই sentence গুলোকে Negative করার জন্য আমাদের Do নামক একটি Auxiliary verb এর সাহাজ্য নিতে হয়। সাধারনত Present indefinite tense এবং past indefinite tense এর Affirmative sentence গুলোতে কোনো Auxiliary verb থাকে না।**

**Present indefinite tense এ Do বসে এবং কোনো sentence এর subject যদি 3rd person singular number থাকে তাহলে Does বসে।**

**অন্যদিকে Past indefinite tense এর Sentence গুলোতে সর্বদা Did বসে।**

For example:-

I play football.
Do I play football?

He goes to school.
Does he go to school?

You learn English.
Do you learn English?

He Eats Rice.
Does he eat Rice.

Ruma Draws a picture.
Does Ruma draw a picture?

Rahim went to the market.
Did Rahim go to the market?

You bought a lot of pens.
Did you buy a lot of pens?

He drove a car.
Did he drive a car?

Note :-

**যখন DO, Does বা Did sentence এ ব্যবহৃত হবে তখন মেইন verb যেটা থাকে সেটা আবার present from অর্থাৎ (v1) form এ চলে আসে।**

★★ **এবার আমরা দেখবো WH যুক্ত interrogative sentence অর্থাৎ structure number - 2 দিয়ে কিভাবে interrogarive sentence তৈরি করা হয়।**

**এর আগে আমরা Auxiliary verb দিয়ে যে Question গুলো তৈরি করেছি সেই sentence গুলোর প্রথমে যদি WH word গুলো বসাই তাহলর সেটি Wh যুক্ত interrogative sentence তৈরি হয়ে যাবে।**

**for example:**

They are playing football.
Are they playing football?
Why/when/where are they playing football?

He is eating Rice.
Is he eating Rice.
why/when/Where/How/ is he eating Rice?

You were drawing a picture.
Were you drawing a picture?
When/why/How /Where were you drawing a picture?

He will go to School.
Will he go to School.
When Will he go to school?

I play football.
Do I play football?
Why/when/Where/How long/How many times do you play football?

He goes to school.
Does he go to school?

Why/when/How/ does he go to School?

You learn English.
Do you learn English?
Why /Where do you learn English?

He Eats Rice.
Does he eat Rice.
Why does he eat rice?

Ruma Draws a picture.
Does Ruma draw a picture?
How does Ruma draw a picture?

Rahim went to the market.
Did Rahim go to the market?
When did Rahim go to the market?

You bought a lot of pens.
Did you buy a lot of pens?
When did you buy a lot of pens

He drove a car.
Did he drive a car?
Where did he drive a car?

**এই গুলোকে WH Question অথবা Informative Question বলা হয়। অর্থাৎ এই Question গুলোর answer বিস্তারিত ভাবে দিতে হয় শুধুমাত্র Yes & No বললে Complete হয় না।**

## Imperative Sentence - আদেশ /বা অনুরোধমূলক বাক্য

**যে sentence দ্বারা কোনো আদেশ উপদেশ অনুরোধ, নিষেধ, অনুনয়,বিনয় ইত্যাদি প্রকাশ করে তাকে imperative Sentence বলে।**

**An imperative sentence is a sentence that expresses an order, a command, a request, an advice, a prohibition or an entreaty.**

**★★ Imperative sentence গুলো হচ্ছে সেই সকল sentence যে sentence গুলো মূলত verb দিয়ে শুরু হয়। কোনো subject থাকে না। subject টি উহ্য থাকে।**

**Imperative sentence গঠনের mainly ৪ টা structure আছে।**

1. **Verb + Extensions full stop.**
2. **Please /Kindly + verb + full stop.**
3. **Do not / Never + verb + full stop.**
4. **Let + obj + verb + full stop.**

**for example:**

- Open the door.
- Oil your own machine.
- Go home.
- Get out.
- Let's play football.
- Don't do this type of work.
- Please help me.

**Imperative sentence এর। Subject উহ্য থাকে কেনো?**

আমরা জানি যে প্রতিটা sentence এ ই subject থাকে কিন্তু imperative sentence এ subject সর্বদাই You হওয়ার কারনে এই subject উহ্য থাকে। এছাড়া ও subject উহ্য(implict) থাকার আরেকটি কারন হচ্ছে এই sentence গুলো মূলত এমন কোনো situation এ বলা হয় যেখানে subject কে indicate করলে subject বুঝতে পারে । subject কে সম্মুখভাগে রেখেই মূলত এই sentence গুলো বলা হয়ে থাকে।

**এছাড়া ও আরেকটা প্রধান কারন হচ্ছে imperative sentence গুলো যে situation এ ব্যবহার করা হয় সেখানে subject কে সামনে রেখেই মূলত কথা গুলো বলা হয়**
**বা বাক্য গুলো প্রয়োগ করা হয়ে থাকে। এ কারনেই subject উচ্চারন না করেই verb দিয়েই sentence শুরু করা যায়।**

## Optative Sentence :- প্রার্থনা বা শুভকামনা মূলক বাক্য

**An Optative sentence is a sentence which expresses a wish or desire of the mind.**
**যে বাক্য দ্বারা মনের ইচ্ছা বা কামনা, প্রার্থনা ইত্যাদি বোঝায় তাকে Optative sentence বলে।**

**Structure :- May /Long + Assertive sentence**

**Optative sentence হচ্ছে এক প্রকারের Assertive sentence এর অংশ। যে কোনো Assertive বাক্যের শুরুতে May /Long বসিয়ে দিলেই সেটা Optative sentence হয়ে যায়।**

For example:-
Assertive: You live long.
Optative : May you live long.
Assertive: Allah bless you.
Optative: May Allah bless you.
Assertive : Bangladesh lives long.
Optative : May Bangladesh live long.
Assertive : You be happy in your life.
Optative: May you be happy in your life.

**NOTE:--**

**According to British and American grammar concept অর্থ অনুসারে sentence ৪ প্রকার। সেখানে Optative কে কোনো sentence হিসাবেই ধরা হয়না। তারা Optative কে Assertive sentence এর ই অংশ হিসাবে ধরে থাকে।**

## Exclamatory Sentence: বিস্ময়বোধক বাক্য

**An Exclamatory Sentence is a sentence which expresses a sudden emotion or strong feelings of the human mind.**

**যে sentence এ বক্তার মনের আকস্মিক ভাব, সুখ,দুঃখ, রাগ, আবেগ ইত্যাদি সক্রিয় ভাবে প্রকাশ পায় তাকে Exclamatory sentence বলে।**

**Exclamatory Sentence গঠনে প্রধানত ৩ টি Structure ব্যবহৃত হয়।**

**Number-1:-**

**Hurrah/Alas/Fie/hush+Assertive sentence.**

**Number-2:-**

**What /How + adjective + noun + subject + verb!**

**Number -3 Subject + verb + extension( এইটা হচ্ছে Assertive sentence এর structure. যখন কোনো Assertive sentence হঠাৎ করে কোনো expression দেয় অথবা আকস্মিক ভাব প্রকাশ করে তখন সেটি Exclamatory হতে পারে।**

**For example:-**

**Hurrah! We have won the match.**

**Fie!You are so bad.**

**What a beautiful bird it is!**

**How happy you are!**

**How beautiful the land is!**

**I am so excited about my new job. (no emotion)**

**I am so excited about my new job! ( emotion)**

**এখন আমরা দেখবো যে গঠন অনুসারে(According to structure) Sentence 3 প্রকার:-**

1.**Simple Sentence (সরল বাক্য)**

**2.Complex Sentence(জটিল বাক্য)**

**3.Compound Sentence(যৌগিগ বাক্য)**

## 1.Simple Sentence:--

**A simple sentence is a sentence having only one subject and only one finite verb.**

**যে sentence এ একটি মাত্র subject এবং একটিমাত্র finite verb বা সমাপিকা ক্রিয়া থাকে তাকে simple sentence বলে।**

***For example:-***

1. **He bought a pen.**
2. **He eats Rice.**
3. **I sat under the tree to meet you.**
4. **I like to play football.**
5. **We saw them gossiping.)**

শেষের ৩ টি বাক্যে আমরা দেখতে পারছি যে ২ টি করে verb আছে। যেমন 'sat' and "meet" তারপর "like" and "Play" তারপর আছে saw and gossiping. আমরা জানি simple sentence এ একটি মাত্র finite verb বা সমাপিকা ক্রিয়া থাকে। সমাপিকা ক্রিয়া নিজের অর্থ প্রকাশ করতে পারে কিন্তু অসমাপিকা ক্রিয়া বা Non-finite verb নিজের অর্থ প্রকাস করতে পারে না। Finite verb বা সমাপিকা ক্রিয়া

always subject এর কাছে বসে কিন্তু অসমাপিকা ক্রিয়া subject থেকে দূরে বসে। সমাপিকা ক্রিয়া tense এর structure অনুযায়ী বসে কিন্তু অসমাপিকা ক্রিয়া structure অনুযায়ী বসে না এবং verb এর form এর কোনো পরিবর্তন হয় না।

**এজন্য উপরের বাক্যের meet, to play, gossiping শব্দগুলো হচ্ছে Non finite verb.**

**Note:- Verb এর সাথে ing যুক্ত হয়ে (present/past/ future tense গঠিত হয়। কিন্তু যখন এগুলো হবে এর আগে auxiliary verb হিসাবে (am,is are,was, were, have been, has been, had been, has been being, have been being & had been being, shall be, will be, shall have been /will have been ইত্যাদি বসে থাকে।**

**কিন্তু verb + ing যুক্ত এই ধরনের শব্দের আগে যদি এই Auxiliary verb গুলো না বসে থাকে তাহলে সেগুলো Non finite verb এবং এদের কোনোটা gerund হয়ে থাকে এবং কোনোটা participle হয়ে থাকে।**

## Complex Sentence:-

**যে sentence এ একটিমাত্র principle clause এবং এক বা একের অধিক subordinate clause থাকে তাকে complex sentence বলে।**

**A complex sentence is a sentence having a principal clause and one more subordinate clauses.**

**For example:**

He knows what I think.

Though he is poor, he is honest.

We eat so that we may live.

I will help you if you want.

If you say, I will respond.

As you were ill, you could not go there.

উপরের প্রত্যেকটি sentence এর ২ টি করে clause and ২ টি করে subject and ২ টি করে finite verb আছে। এবং এদের মধ্যে একটি করে principal clause আরেকটি subordinate clause আছে।

**★ Complex sentence এর কিছু চিন্হ বা Conjunction আছে। যেগুলো দেখলে অবশ্যই মনে হবে sentence টি complex. চিন্হ গুলো হলো If, since, till, until, though, although, WH word, that, so that, in order that, unless etc..**

**এই চিন্হগুলো প্রথম বাক্যে থাকলে কমা দিয়ে বাক্য শুরু হয় কিন্তু মাঝে বসলে কোনো কমা থাকে না।**

## Compound Sentence :- জটিল বাক্য

**যে sentence এ একাধিক principal clause, coordinating conjunction দ্বারা যুক্ত থাকে তাকে compound sentence বলে।**

**A compound sentence is a sentence which has more than one principal clause connected by one or more coordinating conjunctions.**

**for example:-**

**He is poor but he leads an honest life.**
**He tried a lot but finally he failed to reach there.**
**He is studious and brilliant.**
**Not only sima(went there)but also Rima went there.**
**Either Rahim or Karim is honest.**
**You must work hard or you will fail.**

**তাহলে আমরা দেখতে পারছি যে compound sentence হতে হলে ২ টা clause ই principal clause হবে এবং clause গুলো and, or, but, not only but also, neither… nor, either...or, both…… and ইত্যাদি দ্বারা যুক্ত থাকবে।**

# Exercise :---

**Identify the following Sentences:--**

1. Don't quarrel with anybody.
2. Always speak the truth.
3. May you live long.
4. We saw him go there.
5. May you pass the examination.
6. Has she had her meal?
7. Will they be playing?
8. Was he repairing the watch?
9. May I help you?
10. Is he an honest boy?
11. How beautiful the picture is!
12. May you be happy.

## More exercise with simple -complex -compound sentences:-

1. We eat so that we may live.
2. I will help you if you want.
3. I sat under the tree to meet you.
4. I like to play football.
5. We saw them gossiping.
6. He is studious and brilliant.
7. Not only sima(went there)but also Rima went there.
8. Either Rahim or Karim is honest.
9. He knows what I think.
10. Though he is poor, he is honest
11. He is poor but he leads an honest life.

12. He tried a lot but finally he failed to reach there.
13. He bought a pen.
14. He eats Rice

End

**Sohag Mondol**
**B.A (Honour's)in English language and literature**
**University of Barishal**